

কফি হাউস

মেয়েটি নির্বাক শ্রোতা বুঝি  
আহা, এখন একটা দৃশ্যের জন্য  
পূর্ণজন্মও খেয়ে নিতে রাজি আছি---

উহাদের টেবিলে চাউমিন  
উষণতার গন্ধ ছড়ায়...  
পড়ে থাকে ফল্‌স প্লেট একা  
শোয়ানো দুইটি চামচ  
বড় কাছাকাছি---

এবুকে আকাশ রেখেছিলাম

পিঠ জুড়ে চিহ্ন সংকেত  
একাকিত্বের সঙ্গে বিরামহীন দীর্ঘাসে  
পতন- অনুরনণ একইসাথেই বাজে  
আর বাজতে ....বাজতে  
এক - একটা স্বপ্ন ভারী কালো মেঘ---  
ফি-বছর ধরে বর্ষাকাল

পাখিরে কোটর থেকে মুখ বের করে  
কি দেখছিস ?  
সমস্ত রোজ ভিজে গেছে.....

রিপনকান্তি বালা

